

হল খুলবে ২৫ অক্টোবর ক্লাস ২৮ অক্টোবর রাজশাহী ইউনিভার্সিটিতে সাক্ষ্য আইনসহ নানা বিধিনিষেধ আরোপ হচ্ছে

রাজশাহী অফিস

ছাত্র বিক্ষোভের কারণে দীর্ঘদিন বন্ধ থাকার পর রাজশাহী ইউনিভার্সিটির আবাসিক হলগুলো খুলে দেয়া হচ্ছে আগামী ২৫ অক্টোবর। ক্লাস শুরু হবে ২৮ অক্টোবর। ক্যাম্পাসে শৃঙ্খলা জোরদার করতে ইউনিভার্সিটি খোলার পর থেকে ছাত্রী হলগুলোতে সাক্ষ্য আইনসহ পুরনো শর্তগুলোই মেনে চলতে শিক্ষার্থীদের প্রতি কঠোর নির্দেশ আসছে এবার ইউনিভার্সিটি প্রশাসনের পক্ষ থেকে।

ইউনিভার্সিটির একটি সূত্র জানায়, গত রবিবার ডিন কমপ্লেক্সে প্রভোস্ট কাউন্সিলের মিটিংয়ে সিদ্ধান্ত হয়, শুধু আবাসিক শিক্ষার্থীরাই পরিচয়পত্র দেখিয়ে হলে ঢুকতে পারবে। অনাবাসিক শিক্ষার্থীরা আবাসিক কোনো শিক্ষার্থীর অতিথি হিসেবে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে হলে থাকতে পারবে। কোনো অবস্থাতেই বহিরাগত কেউ হলে থাকতে পারবে না। রাত ১০টার পর সব হলের গেট বন্ধ করে

দেয়া হবে।

সোমবার প্রক্টরিয়াল বডির মিটিংয়ে চারটি সিদ্ধান্ত হয়, নিরাপত্তাজনিত কারণে ছাত্রী হলগুলোতে বিদ্যমান সুর্যাস্ত আইন কঠোরভাবে মেনে চলতে হবে। ইউনিভার্সিটির মেইন গেট রাত ১০টায় এবং অন্যান্য সব গেট ১২টার মধ্যে বন্ধ করা হবে। সব ছাত্রছাত্রীকে তাদের বৈধ পরিচয়পত্র সব সময় সঙ্গে রাখতে হবে। আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের সার্বক্ষণিক নিয়োজিত রাখা হবে।

সূত্র জানায়, ক্যাম্পাস সংশ্লিষ্ট এসব সিদ্ধান্ত নেয়া হয়েছে সরকারের উচ্চ মহলে কথা বলে। সম্প্রতি এসব বিষয়ে ইউনিভার্সিটির একটি প্রতিনিধি দল ঢাকায় সরকারের শীর্ষ মহলে কথা বলে।

গতকাল ইউনিভার্সিটির প্রক্টর জানান, গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ইতিমধ্যেই যথাযথ ব্যবস্থা নেয়া হয়েছে এ ক্ষেত্রে তিনি সবার সহযোগিতা কামনা করেন।